

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।  
(www.moulvibazarsadar.moulvibazar.gov.bd)

স্মারক নম্বর:-০৫.৪৬.৫৮৭৪.০০৬.০২.০০২.১৯-২৯৭

তারিখ: ১২ আগস্ট ২০২০ খ্রি.

**নিয়োগ বিজ্ঞপ্তি**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর ২০১৯ খ্রি. তারিখের ৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৪৩(৭).১১/১৮১ নম্বর স্মারকে উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার সংক্রান্ত সংশোধিত পরিপত্র অনুযায়ী মৌলভীবাজার জেলার মৌলভীবাজার সদর উপজেলার মুক্তিযোদ্ধা কমপ্লেক্স পরিচালনার জন্য নিম্নে বর্ণিত পদসমূহে জনবল আবশ্যিক।

ক্রমিক নম্বর	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বেতন ও ভাতা
০১	তত্ত্বাবধায়ক-কাম-কম্পিউটার অপারেটর	০১	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।	আলোচনা স্বাপেক্ষে
০২	অফিস সহায়ক	০১	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	আলোচনা স্বাপেক্ষে
০৩	গার্ড	০১	কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।	আলোচনা স্বাপেক্ষে

**শর্তাবলী :**

- ০১। আবেদনকারীকে মৌলভীবাজার সদর উপজেলার স্থায়ী বাসিন্দা এবং বীর মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনি হতে হবে।
- ০২। আবেদনকারীর বয়স ৩১ আগস্ট ২০২০ খ্রি. তারিখে ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে।
- ০৩। আবেদনকারীকে আগামী ৩১ আগস্ট ২০২০ খ্রি. তারিখের মধ্যে স্বহস্তে লিখিত আবেদন ডাকযোগে অথবা অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মৌলভীবাজার সদর বরাবর প্রেরণ করতে হবে।
- ০৪। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের সত্যায়িত অনুলিপি, নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৫। আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর বরাবর যেকোন তফসিলী ব্যাংক হতে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার(অফেরত যোগ্য) সংযুক্ত করতে হবে।
- ০৬। বাছাই পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৭। আবেদনপত্র প্রেরণের সময় খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।
- ০৮। অসম্পূর্ণ ও নির্ধারিত সময়ের পর দাখিলকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ০৯। নিয়োগ প্রক্রিয়ায় পরিবর্তন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(শরিফুল ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহ্বায়ক

উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি  
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

ফোন-০৮৬১-৬৩৭৫৪

E-mail : [unomoulvibazar@mopa.gov.bd](mailto:unomoulvibazar@mopa.gov.bd)